# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 MARCH 2025 7:45—7:55 PM IST**

==================================================

আজকের বিশেষ বিশেষ খবর হল -

---------------------------------------------------

১। কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট করা ধান এবং শস্যের নূন্যতম সমর্থন মূল্যের অতিরিক্ত মূল্য আসামের কৃষকদের প্রদান করার বিষয়ে রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত ।

২। গুণোৎসব ২০২৫ এর ফলাফল ঘোষণা ।সামগ্রিকভাবে গুণোগত শিক্ষা প্রদানে শিবসাগর জেলার প্রথম স্থান অর্জন ।

৩। বরাক উপত্যকার তিন জেলার ইতিবাচক ফলাফল /কাছাড় জেলার গুণোৎসবে সমগ্র রাজ্যের মধ্যে একাদশ স্থান দখল ।

এবং

৪। শ্রীভূমি পুলিশের অনলাইন ট্রেডিং মামলার দুজন মূল অভিযুক্তকে গ্রেপ্তার ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যে স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের নির্মাণের কাজকর্ম অধিক পারদর্শিতার সঙ্গে দেখাশোনা করার জন্য রাজ্য লোকনির্মাণ বিভাগের গৃহ শাখা থেকে স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের নির্মাণ কাজ  পৃথক করার সিদ্ধান্ত নিয়েছে । আজ দিশপুরে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । আজকের বৈঠকে পঞ্চায়েতসমূহের রাজস্ব সংগ্রহ ব্যাবস্থা শৃঙ্খলাবদ্ধভাবে করার জন্য পঞ্চায়েত আর্থিক আইনের সংশোধন করার  সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মন্ত্রীসভায় আজ কেন্দ্রীয় সরকারের ধান ও শস্যের ক্ষেত্রে নির্দিষ্ট করা ন্যূনতম সমর্থন মূল্য থেকে

রাজ্যের কৃষকদের অতিরিক্ত মূল্য প্রদানেও অনুমোদন জানানো হয় । সে অনুসারে ধান প্রতি কুইন্টাল কেন্দ্রীয় সরকারের নির্ধারিত ২ হাজার ৫৫০ টাকার অতিরিক্ত হিসেবে আসামের কৃষকেরা ২৫০ টাকা অধিক সমর্থন মূল্য লাভ করবেন । শস্যের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সমর্থন মূল্য ৫ হাজার ৫০০ টাকা ছাড়াও অতিরিক্ত ৫০০ টাকা আসমের কৃষকেরা লাভ করবেন । এদিকে জলবায়ু পরিবর্তন বিভাগটি এখন থেকে বন বিভাগের সঙ্গে যুক্ত করা , রাজ্যের প্রতিটি উন্নয়ন খন্ডে একটি করে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা , মাসিক পনেরো হাজার টাকা পর্যন্ত লোকের ক্ষেত্রে বৃত্তিগত কর রেহাই দেওয়া এবং কাচা চা পাতার ওপর থাকা সবধরণের কর প্রত্যাহার করার সিদ্ধান্ততেও মন্ত্রীসভা আজ অনুমোদন জানিয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা বিভাগের পক্ষ থেকে গুণোৎসব ২০২৫ এর ফলাফল আজ ঘোষণা করা হয়েছে ।চলতি বছরের গুণোৎসবে শিবসাগর জেলা প্রথম , গোলাঘাট জেলা দ্বিতীয় এবং ডিব্রুগড় জেলা তৃতীয় স্থান লাভ করেছে ।অনুরূপভাবে স্বচ্ছ এবং সুষ্ঠুভাবে গুণোৎসবের কার্যসূচী রূপায়ন করার ক্ষেত্রে গোলাঘাট জেলা প্রথম , কামরূপ মহানগর জেলা দ্বিতীয় এবং যোরহাট জেলা তৃতীয় স্থান লাভ করেছে ।আজকের ঘোষিত ফলাফল অনুযায়ি এবার ১৩ হাজার ৩০০ টি বিদ্যালয় এ -প্লাস এবং ১৩ হাজার ৯৯২ টি বিদ্যালয় এ গেড্র লাভ করেছে ।অনুরূপভাবে ১৪ লক্ষ ৬৪ হাজার ৮০৮ জন শিক্ষার্থী এ-প্লাস গ্রেড এবং ১২ লক্ষ ৬ হাজার ৪৪২ জন শিক্ষার্থী এ-গ্রেড লাভ করেছে ।এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গুয়াহাটীর শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে এবারের গুণোৎসবে ছাত্রছাত্রীদের শিক্ষাক্ষেত্রে প্রদর্শন উন্নত করার বিষয়ে গ্রহণ করা ব্যবস্থার ওপর আলোকপাত করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী গত বছরের গুণোৎসবে এ প্লাস গ্রেড পাওয়া ১১ হাজার ৫১৪ টি বিদ্যালয়কে উৎকৃষ্টতার স্বীকৃতি স্বরূপ ২৫ হাজার টাকা করে উৎসাহমূলক অর্থ প্রদান করেন ।এছাড়া আরোহণ কার্যসূচীর অধীনে ৪ হাজার ৩২০ জন শিক্ষার্থীকে ট্যাবলেট প্রদান করা হয় ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলার শিক্ষার গুণোগত মান পর্যালোচনা করে আজ ফলাফল ঘোষণা করা হয়েছে ।এবারের গুণোৎসবে কাছাড় জেলা সমগ্র রাজ্যের মধ্যে একাদশ স্থান দখল করেছে ।গুণোৎসবে জেলার মোট ১ হাজার ৮১৬ টি বিদ্যালয়ের মধ্যে ৯০৫ টি বিদ্যালয় এ প্লাস গ্রেড লাভ করেছে । যা মোট বিদ্যালয়ের ৪৯ দশমিক ৮-৩

শতাংশ । এছাড়া ৩৫ দশমিক ৮-৫ শতাংশ বিদ্যালয় এ গ্রেড লাভ করেছে ।সামগ্রিকভাবে জেলায় ৮৫ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড লাভ করেছে ।
শ্রীভূমি জেলায় ১ হাজার ৬২৫ টি বিদ্যালয়ের মধ্যে ৬৪১ টি বিদ্যালয় এ প্লাস এবং ৭৩০ টি বিদ্যালয় এ গ্রেড লাভ করেছে । জেলার ৮৪ দশমিক ৩-৭ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড পেয়েছে ।
এবারের গুণোৎসবে হাইলাকান্দি জেলার ১ হাজার ১৮ টি বিদ্যালয়ের মধ্যে ৩৩৫ টি বিদ্যালয় এ প্লাস এবং ৫০৩ টি বিদ্যালয় এ গ্রেড পেয়েছে ।জেলার ৮২ দশমিক ৩-২ শতাংশ বিদ্যালয় এ প্লাস ও এ গ্রেড লাভ করেছে ।

-----------------------------------------------------------------------------------

উগ্রপন্থী সংগঠন আলফা স্বাধীন সহ উত্তর-পূর্বাঞ্চলের উগ্রপন্থী গোষ্ঠীগুলির আসা যাওয়া বন্ধ করার জন্য কেন্দ্রীয় সরকার আগামী ১০ বছরের মধ্যে ভারত-মায়ান্মার সীমান্ত সম্পূর্নভাবে সীল করার সিদ্ধান্ত নিয়েছে । ৩১ হাজার কোটি টাকা ব্যয়ে এই কাজ ইতিমধ্যে আরম্ভ হয়েছে । এর অধীনে একহাজার ৬৪৩ কিলোমিটার দৈর্ঘ্যের ভারত-মায়ান্মার সীমান্তে অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মিত কাঁটাতারের বেড়া দেওয়া হবে । আসাম রাইফেলসের বাস্তুকার কাটা যায়না ও উপড়ে ফেলা যায়না এমন কাঁটাতারের বেড়ার নতুন প্রযুক্তি উদ্ভাবন করেছেন এবং এই প্রযুক্তিতে সীমান্ত সীল করা হবে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্থায়ী সমিতির সম্প্রতি দাখিল করা এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে । উল্লেখ্য অরুণাচলপ্রদেশ ,নাগালেন্ড , মণিপুর ও মিজোরাম এই চারটি রাজ্যে ভারত-মায়ান্মার সীমান্তের উভয় পারে থাকা ১০ কিলোমিটার মুক্ত অঞ্চলে উভয় দেশের নাগরিক ভিসা , পাসপোর্ট অথবা অন্যান্য নথিপত্র ছাড়া আসা যোয়া করতে পারেন । এই ব্যবস্থার সুযোগ নিয়ে উগ্রপন্থী সংগঠন বা অনুপ্রবেশকারী সহজে ভারতে প্রবেশ করে নাশকতামূলক কার্যকলাপ সংঘটিত করে বলে মন্ত্রণলয় জানিয়েছে । দেশের নিরাপত্তার প্রতি হুমকির সৃষ্টি হবার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতবছরের ফেব্রুয়ারীতে ভারত-মায়ান্মার সীমান্ত সীল করার কথা ঘোষণা করেছিলেন । গত বছরের এপ্রিল থেকে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে ১১৪ কোটি টাকারও অধিক অর্থ ব্যয় করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি পুলিশ অনলাইন ট্রেডিং কেলেঙ্কারি মামলার মূল অভিযুক্ত মহম্মদ শাকির এবং তার ভাই মহম্মদ জাবির কে গতকাল কলকাতা থেকে গ্রেফতার করে আজ সকালে শ্রীভূমিতে নিয়ে এসেছে । ধৃত দুজনের বিরুদ্ধে অনলাইন ট্রেডিংয়ের নামে কয়েক কোটি টাকা লুট করার অভিযোগ রয়েছে এছাড়া বরাক উপত্যকার বিভিন্ন স্থান

থেকে প্রলোভন দিয়ে টাকা সংগ্রহ করার ও অভিযোগ রয়েছে ।আজ তাদের আদালতে হাজির করানোর পর বদরপুরে নিয়ে আসা হয়েছে । এই বিষয়ে জেলার অতিরিক্ত পুলিশ সুপার জানান ------

বাইট

--------------------------------------------------------------------------------

পাঁচগ্রাম সিদ্ধেশ্বর শিব মন্দিরে আজ বারুণী স্নান ও মেলা উপলক্ষে এক উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । প্রচলিত বিশ্বাস অনুযায়ি মধুকৃষ্ণা ত্রয়োদশী তিথিতে বরাক নদীর সঙ্গে গঙ্গা নদীর মিলন ঘটে ।আজ এই তিথি উপলক্ষে সিদ্ধেশ্বর শিব মন্দিরের বরাক নদীর ঘাটে হাজার হাজার ভক্ত বারুণী স্নান সহ তর্পণ ইত্যাদি পালন করেন ।

--------------------------------------------------------------------------------

এদিকে বারুণি মেলা ঘাটে পূণ্যস্নান করতে গিয়ে এক যুবক নিখোঁজ হয়েছে । সিদ্ধেশ্বর শিব মন্দির কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে যে শ্রীভূমি জেলার শ্যামাপ্রসাদ রোডের বাসিন্দা বিশ্বজিৎ আচার্য নামের এক যুবক বন্ধুদের সঙ্গে স্নান করতে গিয়ে নদীর স্রোতে তলিয়ে যায় । বর্তমানে এস ডি আর এফের দল নদীতে তল্লাশী অভিযান চালাচ্ছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার স্বাস্থ্য পরিষেবাকে আরো উন্নত করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন উন্নয়নমূলক সংস্কার ও কর্ম পরিকল্পনা গ্রহন করা হচ্ছে । এ উপলক্ষ্যে গতকাল জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার স্বাস্থ্য পরিষেবার বর্তমান অবস্থা , উন্নয়ন পরিকল্পনা এবং স্বাস্থ্য কর্মীদের অবদানের বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া সভায় একশ দিনের যক্ষা নির্মূল অভিযানে বিশেষ অবদান রাখা প্রতিষ্ঠান ও ব্যাক্তিদের সম্মান জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচর শহরের দীর্ঘ দিনের জমা জলের সমস্যা এবং কৃত্রিম বন্যা সমস্যার সমাধানের উদ্দেশ্যে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । শিলচর পৌরসভার সহকারী আধিকারীক মাসি টোপনোর পৌরহিত্যে আয়োজিত সভায় জমা জল ও কৃত্রিম বন্যা সমস্যা জর্জর এলাকাগুলি চিহ্নিত করে এর সমাধানের বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়াও সভায় একটি বিশেষ কর্মীবাহিনী গঠন করে সরকারী আধিকারীকদের পাশাপাশি নাগরিক সমাজের প্রতিনিধিদের যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------